চুয়াডাঙ্গায় পদ্মবিলা ইউনিয়ন পরিষদে ভিজিএফ চাল বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে গরীব অসহায় ও দুস্থ মানুষের মাঝে ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে আটটার সময় পদ্মবিলা ইউনিয়ন পরিষদ চত্বরে চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলম মণ্ডলের সভাপতিত্বে ভিজিএফের চাল বিতরণ কার্যক্রম উদ্বোধন করা হয়।

এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল বলেন,চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের মোট নয়টি ওয়ার্ডের ভিজিএফের চাল বিতরণ করা হচ্ছে।পদ্মবিলা ইউনিয়নের মোট নয়টি ওয়ার্ডে গরীব অসহায় ও দুস্থ মানুষের মাঝে মোট ১৬৭৩ জনের মাঝে ভিজিএফ চাল বিতরণ করা হবে।

ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন কালে আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পদ্মবিলা ইউনিয়ন পরিষদের সচিব মোশারফ হোসাইন, ১নং ওয়ার্ড ইউপি সদস্য মফিজুল ইসলাম, ২নং ওয়ার্ড ইউপি সদস্য রবিউল ইসলাম, ৩নং ওয়ার্ড ইউপি সদস্য শাহজালাল, ৪নং ওয়ার্ড ইউপি সদস্য সুমন আলী,৫নং ওয়ার্ড ইউপি সদস্য আজিবার মালিথা, ৬নং ওয়ার্ড ইউপি সদস্য ইনদাদুল হক,৭নং ওয়ার্ড ইউপি সদস্য হুমায়ন কবির,৮নং ওয়ার্ড ইউপি সদস্য আব্দুল রাজ্জাক, ৯নং ওয়ার্ড ইউপি সদস্য ফেরদৌস, ১,২ ও ৩ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য শরিফা খাতুন, ৪,৫ও ৬ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হাসিনা খাতুন, ৭,৮ও ৯ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য লায়লা আনজুম বানু সহ ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ।